

Pratidin, dt 23/09/2020.

অভিযোগ 'মুখোশধারী' কিছু যুবকের বিরুদ্ধে

রাতবিরেতে বীভৎস মুখ, ভূতের ভয়ে পুলিশে প্রীড়া

স্টাফ রিপোর্টার : ভূতের ভয়ে পুলিশের দ্বারস্থ হলেন প্রীড়া। তাঁর অভিযোগ, এলাকার কিছু যুবক তাঁকে মুখোশ পরে ও বিভিন্নভাবে ভূতের ভয় দেখানোর চেষ্টা করেছে। এই বিষয়ে পুলিশ তদন্ত শুরু করেছে।

পুলিশ ও এলাকা সূত্রে জানা গিয়েছে, দক্ষিণ কলকাতার বাঁশদ্রোণী থানা এলাকার বিবেকানন্দ পার্ক এলাকার বাসিন্দা। পুলিশকে বৃদ্ধা জানিয়েছেন, তিনি বাড়িতে একাই থাকেন। তাঁর অভিযোগ অনুযায়ী, গত দু'মাস ধরে এই সমস্যার শুরু হয়েছে। মাঝেমাঝেই তাঁর বাড়ির চারপাশে ঘুরে বেড়ায় কারা। রাতবিরেতে জানালায় পড়ে টোকা। জানালা খুলতেই দেখেন বীভৎস সব মুখ। ভূতের ভয়ে তাঁর ঘুম আসে না। বাড়ির গাছের উপর থেকে আসে অদ্ভুত সব আওয়াজ। যদিও পুলিশ ও এলাকার বাসিন্দারা এটি ভূতের উপদ্রব বলে মানতে নারাজ। প্রীড়ারও অভিযোগের আঙুল এলাকার কিছু যুবকের বিরুদ্ধে। মহিলার অভিযোগ, এলাকার কিছু যুবক যারা নেশাগ্রস্ত অবস্থায় তাঁর বাড়ির আশপাশে

বাতায়াত শুরু করেছে। বেড়ে গিয়েছে তাদের দৌরাখ্য। এর মধ্যে এক যুবক তাঁর বাড়ির গাছে উঠে তাঁকে ভয় দেখায়। আবার কয়েকজন যুবক মুখোশ পরে রাতবিরেতে ঘুরে বেড়ায় তাঁর বাড়ি চারপাশে। গত দু'মাস ধরে ক্রমাগত তারা ভূতের ভয় দেখিয়ে চলেছে, এমন অভিযোগ প্রীড়ার। তারা এমন ভয় দেখাচ্ছে যে, ভাল করে ঘুম হচ্ছে না তাঁর। এর আগে তাঁর বাড়িতে ভাড়া থাকত একটি পরিবার। তাঁরা অন্য জায়গায় চলে যাওয়ার পর এই সমস্যা বেড়ে গিয়েছে। তাঁর উপর বাড়ছে মানসিক চাপ। তিনি স্থানীয় বাসিন্দাদের বিষয়টি জানান। এরপর পুলিশের কাছে এই বিষয়ে অভিযোগ জানান তিনি। পুলিশ ও এলাকার বাসিন্দাদের মতে, এর পিছনে কোনও প্রোমোটোরি চক্র থাকার সম্ভাবনাও রয়েছে। তারা চাইছে যেভাবেই হোক তিনি বাড়ি থেকে চলে যান। প্রীড়ার অভিযোগ, তাঁকে বাড়ি থেকে উৎখাত করার চেষ্টা চলছে। সেজন্যই দেখানো হচ্ছে ভূতের ভয়। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে বলে জানিয়েছে পুলিশ।